গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, মঙ্গলবার ৭ এপ্রিল ২০১৫, ২৪ চৈত্র ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দারিদ্র্যবিমোচন কর্মসূচি দ্রুত বাস্তবায়নের নির্দেশ প্রধানমন্ত্রীর
২। বাংলাদেশ-ভারত সংশোধিত বাণিজ্য চুক্তির খসড়া মন্ত্রিসভায় অনুমোদন
৩। আরও ১শ' কোটি ডলার ঋণ সহায়তার প্রস্তাব ভারতের
৪। নিরাপদ খাদ্যের আইন আছে, প্রয়োগ নেই : স্বাস্থ্যমন্ত্রী
৫। ফাঁসির মঞ্চ প্রস্তুত : যুদ্ধাপরাধী কামারুজ্জামানের মৃত্যুদণ্ড বহাল
- সারাদেশে সতর্কতা জারি
৬। প্রশাসনে ৮৭৩ কর্মকর্তার পদোন্নতি
৭। হরতালেও আজকের এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে
৮। ভূমি অফিসে অগ্নিসংযোগকারীদের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেওয়ার নির্দেশ
৯। সিটি কর্পোরেশন নির্বাচনের প্রচারণা আজ থেকে শুরু
১০। রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোকে কেন্দ্রীয় ব্যাংকের নিয়মের মধ্যে চলার নির্দেশ
১১। পাটের বস্তা ব্যবহারে আরও সময় চান ব্যবসায়ীরা

চলমান পাতা/২

১। দারিদ্র্যবিমোচন কর্মসূচি দ্রুত বাস্তবায়নের নির্দেশ প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দারিদ্র্যবিমোচন, সন্ত্রাসবাদ ও জঙ্গিবাদ দমন এবং ২০২১ সালের মধ্যে দেশকে মধ্যম আয়ের দেশ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সরকারের গৃহীত উন্নয়ন কর্মসূচিগুলো দ্রুত বাস্তবায়ন করতে কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন। এ লক্ষ্যে প্রধানমন্ত্রী প্রত্যেক জেলা প্রশাসককে নিজ নিজ এলাকায় প্রথমে গৃহহীন মানুষ খুঁজে বের করা এবং তাদের জন্য খাসজমি বরাদ্দ দেওয়া ছাড়াও গৃহনির্মাণে আশ্রয়ণ প্রকল্পের ব্যবস্থা করার নির্দেশ দিয়েছেন। প্রধানমন্ত্রী গতকাল ৬ এপ্রিল সোমবার পটুয়াখালী ও নেত্রকোনা জেলা উন্নয়ন কমিটি এবং বরিশাল বিভাগীয় কমিশনার কার্যালয়ের কর্মকর্তাদের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ নির্দেশ দেন। শরীয়তপুর ও নারায়ণগঞ্জ জেলা উন্নয়ন কমিটি এবং ঢাকা বিভাগীয় কমিশনার কার্যালয়ের কর্মকর্তারা অনলাইনে এই ভিডিও কনফারেন্স প্রত্যক্ষ করেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.১), ইত্তেফাক (পৃ.১,ক.৮), জনকণ্ঠ (পৃ.১,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৪)।

২। বাংলাদেশ-ভারত সংশোধিত বাণিজ্য চুক্তির খসড়া মন্ত্রিসভায় অনুমোদন

বাংলাদেশ ও ভারতের মধ্যে সংশোধিত বাণিজ্য চুক্তির খসড়া অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এতে তৃতীয় কোনো দেশের সঙ্গে বাণিজ্যের জন্য দু'দেশের (বাংলাদেশ ও ভারত) রেল, নৌ ও সড়কপথ ব্যবহারের বিধান থাকছে। এছাড়াও সংশোধন অনুযায়ী বাংলাদেশ ও ভারতের এ বাণিজ্য চুক্তির মেয়াদ ৩ বছরের স্থলে ৫ বছর হবে। গতকাল ৬ এপ্রিল সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৩), প্রথম আলো (শেষ পৃ.,ক.৫), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), ডেইলি স্টার (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৪)।

৩। আরও ১শ' কোটি ডলার ঋণ সহায়তার প্রস্তাব ভারতের

সড়ক যোগাযোগ ও অবকাঠামো উন্নয়ন খাতে নতুন করে আরও ১ বিলিয়ন (১০০ কোটি) মার্কিন ডলারের ঋণ সহায়তার প্রস্তাব দিয়েছে ভারত। গতকাল ৬ এপ্রিল সোমবার সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সঙ্গে সাক্ষাৎকালে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব সুজাতা মেহতা এ প্রস্তাব দেন। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৪), প্রথম আলো (পৃ.১৩,ক.২), ইনকিলাব (পৃ.১,ক.২), ফিনানসিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.৪)।

৪। নিরাপদ খাদ্যের আইন আছে, প্রয়োগ নেই : স্বাস্থ্যমন্ত্রী

নিরাপদ খাদ্য নিশ্চিত করতে আইন থাকলেও তার প্রয়োগ নেই। গতকাল ৬ এপ্রিল সোমবার স্বাস্থ্য মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেন, নিরাপদ খাদ্য নিশ্চিত করার জন্য সরকারের মাঠ পর্যায়ে নিয়োগপ্রাপ্তরা কেউ কোনো কাজ করে না। বিশ্ব স্বাস্থ্য দিবস উপলক্ষে ওই সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সারাবিশ্বের মতো দেশেও নানা আনুষ্ঠানিকতায় আজ ৭ এপ্রিল মঙ্গলবার দিবসটি পালিত হচ্ছে। এবার স্বাস্থ্য দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'নিরাপদ পুষ্টিকর খাবার-সুস্থ জীবনের অঙ্গীকার।' দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণীতে নিরাপদ ও পুষ্টিকর খাদ্য বিষয়ে সচেতনতা সৃষ্টি, ভেজাল খাবার পরিহার ও মানসম্পন্ন খাবার গ্রহণ করার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.৩,ক.৪), ইত্তেফাক (পৃ.১,ক.৬), ডেইলি সান (শেষ পৃ.,ক.২)।

৫। ফাঁসির মঞ্চ প্রস্তুত : যুদ্ধাপরাধী কামারুজ্জামানের মৃত্যুদণ্ড বহাল

- সারাদেশে সতর্কতা জারি

মৃত্যুদণ্ডপ্রাপ্ত জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল মোহাম্মদ কামারুজ্জামানের রায় পুনর্বিবেচনার (রিভিউ) আবেদন খারিজ করে দিয়ে মৃত্যুদণ্ড বহাল রেখেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। এখন রায় কার্যকরে সব প্রস্তুতি সম্পন্ন করেছে ঢাকা কেন্দ্রীয় কারাগার কর্তৃপক্ষ। এদিকে রিভিউ খারিজের মাধ্যমে এ মামলার বিচারিক প্রক্রিয়ার সমাপ্তি ঘটেছে। শুধু রাষ্ট্রপতির কাছে ক্ষমা প্রার্থনার বিষয়টি নিষ্পত্তি হলেই সরকারের সিদ্ধান্ত অনুযায়ী যেকোনো সময়ে যুদ্ধাপরাধী কামারুজ্জামানের মৃত্যুদণ্ড কার্যকর করা যাবে। সূত্র-সংবাদ, ইত্তেফাক, প্রথম আলো, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সানসহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

যুদ্ধাপরাধী কামারুজ্জামানের ফাঁসির রায় বহালকে কেন্দ্র করে জামায়াতের ডাকা হরতালে, নাশকতার আশঙ্কা এবং বাংলা নববর্ষ উদ্‌যাপন নির্বিঘ্ন করতে সারাদেশে সর্বাত্মক সতর্কতা জারি করা হয়েছে। বিজিবি, র‍্যাব ও পুলিশসহ আইনশৃঙ্খলা বাহিনীকে সর্বোচ্চ সতর্ক অবস্থায় রাখা হয়েছে। গতকাল ৬ এপ্রিল সোমবার থেকে সারাদেশে আইনশৃঙ্খলা বাহিনীকে সহায়তা করার জন্য মোতায়েন করা হয়েছে ১২৪ প্লাটুন বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সদস্য। সূত্র-সংবাদ (পৃ.১,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৫), নিউ নেশন (পৃ.১,ক.১)।

৬। প্রশাসনে ৮৭৩ কর্মকর্তার পদোন্নতি

প্রশাসনের ৮৭৩ পদে পদোন্নতি দিয়েছে সরকার। গতকাল ৬ এপ্রিল সোমবার রাতে জনপ্রশাসন মন্ত্রণালয় এ সংক্রান্ত পৃথক আদেশ জারি করেছে। আদেশে উপসচিব থেকে অতিরিক্ত সচিব পদে এসব পদোন্নতি দেওয়া হয়েছে। এর মধ্যে অতিরিক্ত সচিব পদে ২৩১ জন, যুগ্ম-সচিব পদে ২৯৯ জন, উপসচিব পদে ৩৪৩ জনকে পদোন্নতি

দেওয়া হয়েছে। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৮), প্রথম আলো (পৃ.১,ক.৩), ইত্তেফাক (পৃ.১,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২)।

৭। হরতালেও আজকের এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে

জামায়াতের ডাকা হরতালের মধ্যেও আজ ৭ এপ্রিল মঙ্গলবারের এইচএসসি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হবে। গতকাল ৬ এপ্রিল সোমবার আন্তঃশিক্ষা বোর্ড সাব-কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান আবু বক্কর ছিদ্দিক এ তথ্য নিশ্চিত করেছেন। আজ সকাল ১০টায় এইচএসসি, ভোকেশনালের ইংরেজি-১ (নতুন/পুরাতন সিলেবাস, কোড ১১১২, একাদশ) পরীক্ষা অনুষ্ঠিত হবে। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৩), নিউ নেশন (পৃ.১,ক.১)।

৮। ভূমি অফিসে অগ্নিসংযোগকারীদের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেওয়ার নির্দেশ

ভূমিমন্ত্রী শামসুর রহমান শরীফ বলেছেন, বাংলাদেশকে অকার্যকর রাষ্ট্রে পরিণত করতেই ভূমি অফিসগুলোতে দুষ্কৃতকারীরা পরিকল্পিতভাবে অগ্নিসংযোগ করেছে। তিনি ক্ষতিগ্রস্ত ভূমি অফিসগুলো দ্রুত সংস্কার করতে বলেন। একই সাথে অগ্নিকাণ্ডের সাথে জড়িতদের দ্রুত বিচার আইনের আওতায় এনে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন। গতকাল ৬ এপ্রিল সোমবার ভূমি মন্ত্রণালয়ের অফিসকক্ষে আন্তঃমন্ত্রণালয় সভায় সভাপতির বক্তব্যে ভূমিমন্ত্রী এই নির্দেশনা দেন। সূত্র-ইনকিলাব (শেষ পৃ.,ক.২)।

৯। সিটি কর্পোরেশন নির্বাচনের প্রচারণা আজ থেকে শুরু

ঢাকা উত্তর, দক্ষিণ এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনে আজ ৭ এপ্রিল মঙ্গলবার থেকে নির্বাচনী আচরণবিধি মেনে প্রচারণা চালানোর সুযোগ পাচ্ছেন প্রার্থীরা। এই সুযোগ পাওয়া যাবে ২৬ এপ্রিল মধ্যরাত পর্যন্ত। এ বিষয়ে নির্বাচন কমিশন (ইসি) সচিবালয়ের সচিব মো. সিরাজুল ইসলাম জানিয়েছেন, প্রতীক বরাদ্দের আগ পর্যন্ত সীমিত আকারে প্রচার চলবে। এদিকে ফেসবুক, টুইটারসহ সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোয় প্রার্থীদের প্রচার-প্রচারণা নিয়ে উদ্বিগ্ন কমিশন। কারণ অনলাইনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের বিরুদ্ধে কুৎসা রটনা হচ্ছে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.৪), সংবাদ (পৃ.১,ক.৮), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.৫)।

১০। রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোকে কেন্দ্রীয় ব্যাংকের নিয়মের মধ্যে চলার নির্দেশ

খেলাপি ঋণ নিয়ন্ত্রণ, ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা পূরণ, কমপ্লায়েন্স পরিপালন, বাৎসরিক আর্থিক প্রতিবেদন সময় মতো প্রকাশ ও মূলধন শক্ত অবস্থানে রাখাসহ সার্বিক বিবেচনায় রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোর প্রতি সন্তুষ্ট নয় কেন্দ্রীয় ব্যাংক। রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোকে নিয়মের মধ্যে ব্যাংকিং পরিচালনার নির্দেশ দিয়েছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান। গতকাল ৬ এপ্রিল সোমবার রাষ্ট্রায়ত্ত সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী এই চার ব্যাংকের সঙ্গে বৈঠক করে কেন্দ্রীয় ব্যাংক। গভর্নর ড. আতিউর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে চার রাষ্ট্রায়ত্ত ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা ছাড়াও বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ও ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সূত্র-সংবাদ (শেষ পৃ., ক.১), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), সমকাল (পৃ.১৪,ক.৮), ফিনানসিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.৪)।

১১। পাটের বস্তা ব্যবহারে আরও সময় চান ব্যবসায়ীরা

ধান ও চাল বিপণনে প্লাস্টিকের বস্তার পরিবর্তে পাটের বস্তা ব্যবহারে আবারও সময় চাইলেন ব্যবসায়ীরা। প্লাস্টিকের বস্তায় চালের বিপণন বন্ধে রাজধানীর বড় পাইকারি বাজার বাবুবাজার ও শান্তিবাগ কাঁচাবাজারে গতকাল ৬ এপ্রিল সোমবার যৌথভাবে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে বস্ত্র ও পাট এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়। এ সময় ব্যবসায়ীরা সময় চান। সূত্র-প্রথম আলো (পৃ.১২,ক.১), সমকাল (পৃ.১৪,ক.৬)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, ভোরের কাগজ, যায়যায়দিন, নিউ এজ, ডেইলি স্টার, নিউজ টুডে : বিবদমান দুই রাজনৈতিক পক্ষের নমনীয়তার মধ্য দিয়ে দেশে শান্তি ও স্থিতিশীলতা ফিরে আসার যে আশাবাদ জেগেছে তা সফল করতে সব পক্ষের কাছে রাজনৈতিক সদাচার কামনা;

খ. ইত্তেফাক : শরীরের অঙ্গ-প্রত্যঙ্গ পাচারকারী চক্র দমনে কঠোরভাবে আইন প্রয়োগের সুপারিশ;

গ. সংবাদ : আগামী বাজেটে স্কুল হেলথ ক্লিনিক কার্যকর ও সম্প্রসারণে পর্যাপ্ত বরাদ্দ রাখার পাশাপাশি স্কুলের শিক্ষার্থীদের যথার্থ স্বাস্থ্য সেবা পাওয়ার নিশ্চয়তা থাকার প্রত্যাশা;

ঘ. জনকণ্ঠ, সমকাল : প্রশাসনকে কক্সবাজারের উখিয়ায় রহস্যময় বেশ কিছু স্থাপনার বিষয়টিকে গুরুত্বের সাথে নিয়ে জঙ্গি দমনে কঠোরতা অবলম্বনের পরামর্শ;

ঙ. সমকাল : বিমানের সব অভ্যন্তরীণ রুট চালু হওয়ার ঘটনা তুলে ধরে বিমানের সেবার মান ও দক্ষতা বাড়ানোর সুপারিশ;

চ. ইনকিলাব : সমুদ্রসম্পদ অনুসন্ধান ও আহরণের ব্যাপারে বিলম্ব না করে প্রতিবেশীদের সাথে সমতালেই এগুলোর ব্যবস্থা নেওয়ার আহ্বান;

ছ. ইন্ডিপেনডেন্ট : সরকার এবং প্রাইভেট সেক্টর উভয়কেই শিক্ষা খাতে বিনিয়োগের ক্ষেত্রে দক্ষ মানবসম্পদ উন্নয়নে প্রথাগত শিক্ষার চেয়ে বিশেষায়িত এবং যুগোপযোগী শিক্ষায় গুরুত্বারোপ করতে হবে বলে অভিমত

ব্যক্ত;

জ. ডেইলি স্টার, প্রথম আলো : রাজধানীতে গতকাল ৬ এপ্রিল সোমবার বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়াকে গ্রেফতারের দাবিতে নৌ-পরিবহণ মন্ত্রীর পদযাত্রা কর্মসূচির কারণে সাধারণ মানুষকে অসীম দুর্ভোগের শিকার হতে হয় বলে এ ধরনের অপ্রয়োজনীয় কর্মসূচি পরিহারের আহ্বান;

ঝ. ডেইলি সান : আইনশৃঙ্খলা বাহিনীর জিম্মায় শারীরিক নির্যাতনে সন্দেহভাজন অপরাধীর মৃত্যুকে ন্যায়বিচারের অপমৃত্যু এবং মানবাধিকারের চরম লঙ্ঘন বলে উল্লেখ করে এ ধরনের অপরাধীদের ক্ষেত্রে সংশ্লিষ্টদের আইনের মধ্যে থাকার পরামর্শ;

ঞ. নিউ এজ : সম্প্রতি নেদারল্যান্ডে একজন শিক্ষানবিশ কর্মকর্তার মোবাইল ফোন সেট চুরি করে ধরা পড়ার ঘটনাকে ন্যাক্কারজনক উল্লেখ করে দোষীর বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে রাজধানী ঢাকার একটি স্থায়ী সীমানা নির্ধারিত হওয়া সাংবিধানিক বাধ্যবাধকতা বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'ঝুঁকিমুক্ত নিরাপদ খাদ্য চাই' শিরোনামের নিবন্ধে এম.এ. জব্বার খাদ্যশস্য, ফলমূল, শাকসবজি ও নানারকম খাবারে স্বাস্থ্যের জন্য ক্ষতিকর ফরমালিন, কীটনাশক ও রং মেশানোর কারণে মানুষ স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী বিভিন্ন স্বাস্থ্য ঝুঁকিতে পড়ায় এ ব্যাপারে নিরাপদ খাদ্যের নিশ্চয়তা বিধানের ওপর গুরুত্বারোপ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা